



## স্পিটালফিল্ড হাউজিং এসোসিয়েশনের গ্রেনফিল টাওয়ার সম্পর্কিত স্টেটমেন্ট

প্রিয় অধিবাসীগণ

ওয়েস্ট লন্ডনের গ্রেনফিল টাওয়ারের মর্মান্তিক আগুন লাগার ঘটনায়, আমরা ওই সকল পরিবার এবং তাদের বন্ধুবান্ধব ও আত্মীয়স্বজন, যারা মর্মান্তিক ঘটনাটিতে ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের সবার প্রতি সমবেদনা জানিচ্ছি।

আমাদের অধিবাসীগণ এই ঘটনায় যে কতটা উদ্বিগ্ন সেই বিষয়ে আমরা অবহিত আছি এবং আমরা আপনাদের পুনরায় নিশ্চিত করতে চাই যে, গ্রাহকদের নিরাপত্তা নিশ্চিত করা আমাদের সর্বপ্রথম অগ্রাধিকার।

- আমাদের প্রায় সবগুলো ফ্ল্যাটের ব্লকগুলো কোয়ালিফাইড ফায়ার রিস্ক অ্যাসেসোর (যোগ্য অগ্নি সম্পর্কিত ব্লক পরিমাপক) দারা ফায়ার রিস্ক অ্যাসেসমেন্ট সম্পন্নকৃত।
- এই অ্যাসেসমেন্ট বা ব্লক মূল্যায়নগুলো আমাদের বিল্ডিংগুলো যে নিরাপদ এবং এগুলো যে প্রয়োজনীয় মান অনুযায়ী, তা নিশ্চিত করে। যে সময়ে ছোটখাটো মেরামত কাজের প্রয়োজন হয় অথবা সমস্যা দেখা যায়, সেগুলো আমরা রেসপনসিভ বেসিস বা সাড়াপ্রদানমূলক ভিত্তিতে ঠিক করে থাকি।
- আমাদের ভাড়া প্রদান করা সবগুলো ফ্ল্যাট স্মোক ডিটেক্টর বা ধূস্র সনাক্তকরণ যন্ত্র দারা সজ্জিত এবং বেশীরভাগ সম্মুখ দরোজাই ফায়ার-রেটেড বা অগ্নি প্রতিরোধক মান অনুসরণ করে। এ বছরের শেষের দিক আমরা আরো দরোজা ফায়ার রেটেড দরোজায় পরিবর্তন করবো। লিজহোল্ডারগণ তাদের নিজেদের ফ্ল্যাটের ফায়ার ডিটেক্টর এবং সম্মুখ দরোজার জন্য দায়িত্বপ্রাপ্ত তবুও আমরা তাদেরকে সম্মুখ দরোজাগুলো অগ্নিপ্রতিরোধক দরোজা করার জন্য উৎসাহিত করে থাকি। আপনি যদি চান তবে 0800 028 4428 ফ্রি নাম্বারে ফায়ার ব্রিগেডকে ফোন করে বিনামূল্যে একটি ফায়ার সেইফটি চেক বা অগ্নি নিরাপত্তা মূল্যায়ন করিয়ে নিতে পারেন। তারা আপনাকে বিনামূল্যে একটি স্মোক ডিটেক্টরও প্রদান করবে।
- আমাদের ফ্ল্যাটের ব্লকগুলো নিয়মিতভাবে আমাদের হাউজিং অফিসার এবং রেসিডেন্ট এস্টেট ইন্সপেক্টরগণ দারা যৌথভাবে পরিদর্শন করা হয়ে থাকে, তারা যে কোন হেলথ এন্ড সেইফটি সম্পর্কিত যে কোন ইস্যু বা সমস্যার বিষয়ে আমাদেরকে জানিয়ে থাকেন।

আমরা আমাদের পূর্বসতর্কতামূলক বিষয়গুলোকে অগ্রাধিকার দিয়ে যেতে থাকবো এবং আগুনের ঘটনাটির তদন্ত থেকে যে সুপারিশগুলো আসবে সেগুলোর জন্য অপেক্ষা করবো। এই তদন্তকার্যটি সম্পন্ন হতে বেশ কিছুদিন সময় লাগতে পারে, কিন্তু আমরা তাৎক্ষণিকভাবে আমাদের অগ্নি সংক্রান্ত নিরাপত্তা কার্যপদ্ধতি রিভিউ বা পর্যালোচনার করার ব্যবস্থা গ্রহণ করেছি।

এদিকে ফায়ার ব্রিগেড আমাদের সবার জন্য নিম্নের পরামর্শগুলো প্রদান করেছে।

এখন পর্যন্ত আমরা জানতে পারিনি যে আগুন লাগার মূল কারণ কোনটি। আমরা জানি না যে আগুনটা কোথায় শুরু হয়েছে এবং কিভাবে সেটা এতদূর বিস্তৃত হয়েছে। যারা হাই রাইজ বা উঁচু দালানে বাস করে থাকেন অথবা যারা এই ধরনের দালানে বাস করেন তাদের পরামর্শ প্রদান করে থাকেন, তাদের জন্য এটা বুঝতে পারাটা বিশেষ গুরুত্বপূর্ণ।

মারাত্মক ভয়ংকর একটি বড় ধরনের অগ্নিকাণ্ড থেকে আমাদের অধিবাসীদের নিরাপদ রাখতে যা কিছু করা দরকার আমরা তার সবগুলোই করছি, কিন্তু অধিবাসীগণও নীচের পরামর্শগুলো মেনে চলার মাধ্যমে তাদের নিজেদেরকে সাহায্য করতে পারেন:

- আপনার বাসায় একটি ওয়াকিং স্মোক অ্যালার্ম বা কার্যক্ষম ধূয়া সনাক্তকরণ যন্ত্র রয়েছে তা নিশ্চিত করুন
- ব্যালকনিগুলো ক্লাটার বা জঞ্জালমুক্ত রাখুন
- কমিউনাল এলাকায় দয়া করে কিছু রাখবেন না বা এক্সেপ রুট বা বেরুবোর পথগুলো বাধাগ্রস্ত করবেন না
- নিশ্চিত করুন যে আপনার বিল্ডিংটির চলাফেরার পথগুলো আপনি ভালোভাবে জানেন এবং আপনার সবচেয়ে কাছের বের হওয়ার পথটি কোনটি তা আপনি জানেন
- আপনি যদি একজন ধূমপায়ী হন তবে দয়া করে কমিউনাল এলাকায় ধূমপান করবেন না আপনার ঘরে পান করা সিগারেটটি সম্পূর্ণভাবে ভালোভাবে নিভিয়ে ফেলুন এবং যখন সেটা ফেলে দিবেন তখন সতর্কতার এবং নিরাপত্তার সাথে সেটা ফেলে দিন।

আপনার বিশ্বস্ত

ফারুক উদ্দিন

হেড অব হাউজিং